

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ
সমাজকল্যাণ মন্ত্রণালয়
২২৪/১ নিউ ইন্সটন, ঢাকা-১০০০
www.bnswc.gov.bd

বিষয়ঃ বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদে ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stake holders) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ শহিদুল ইসলাম, নির্বাহী সচিব (যুগ্মসচিব)
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ
তারিখ ও সময় : ১৯.০৯.২০২৩ বেলা-১২.০০ টায়
সভার স্থান : পরিষদের প্রশিক্ষণ কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতি জানান যে, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন করছে। তিনি উপপরিচালক (মূল্যায়ন) কে আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা করার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (মূল্যায়ন) শুদ্ধাচার বিষয়ক পরিকল্পনা (২০২৩-২০২৪) বাস্তবায়ন বিষয়ে পরিষদের কর্মকর্তা/কর্মচারীগণকে সংশ্লিষ্ট কার্যক্রমসমূহ যথাসময়ে গুরুত্বসহকারে বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও অংশীজনদের মতামত প্রদানের জন্য অনুরোধ করেন। শুদ্ধাচার কৌশল কার্যক্রমে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত দাপ্তরিক স্বচ্ছতা নিশ্চিতেরও আহ্বান জানান। উপস্থাপিত আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্ত আলোচনা হয়:

২.০ আলোচনা:

ক. সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও সুশাসন বিষয়ে অংশীজনদের নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সুশাসন নিশ্চিতকরণে উক্ত সভায় পরিষদের কর্মকর্তা/কর্মচারী ও ৭৬ (ছিয়াত্তর)জন অংশগ্রহণকারীদের মধ্য হতে নিম্নোক্ত ০৫(পাঁচ) জন মতামত ব্যক্ত করেন:

- (১) জনাব মো: আবদুল্লাহ আল মামুন, সভাপতি, অঞ্জুর ডেভেলপমেন্ট অর্গানাইজেশন, কটিয়াদী, কিশোরগঞ্জ সভায় নিবন্ধিত সাধারণ স্বেচ্ছাসেবী সংগঠনের অনুকূলে অনুদান EFT পদ্ধতিতে প্রদানের জন্য মতামত ব্যক্ত করেন;
- (২) জনাব নাদিয়া, কোষাধক্ষ, কুচাইপট্টি আব্দুর রাজ্জাক স্মৃতি পরিষদ ও পাঠাহার, জাজিরা, শরীয়তপুর, সভায় বলেন যে, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে প্রদত্ত সেবাসমূহের মধ্য হতে বিশেষ অনুদান দু:স্থ, অসহায়, প্রতিবন্ধী ও গরীবদের মাঝে G2P পদ্ধতিতে প্রদান করা গেলে। উপকারভোগীদের দোরগোড়ায় সেবা পৌঁছানো যায়;
- (৩) জনাব মোছা: নাসরিন পারভীন, সাধারণ সম্পাদক, শূচীতা সমাজ উন্নয়ন সংস্থা, সদর, পাবনা বলেন যে, সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে স্বেচ্ছাসেবী নির্বাহীদের প্রশিক্ষণে দুর্নীতি প্রতিরোধ বিষয়ে একটি সেশন অন্তর্ভুক্ত করা যেতে পারে;
- (৪) জনাব দিলারা বেগম, সাধারণ সম্পাদক, পল্লী পিপিল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন, শানীখা, মাগুরা বলেন নিবন্ধিত সাধারণ স্বেচ্ছাসেবী সংগঠনের অনুকূলে প্রশিক্ষণ ১(এক) সপ্তাহের বেশী বৃদ্ধির বিষয়ে মতামত ব্যক্ত করেন; এবং
- (৫) জনাব মো: আশরাফুল ইসলাম, নির্বাহী সদস্য, একসাথে চলি(এসএচ), লালপুর, নাটোর বলেন সভায় আলোচনায় দাপ্তরিক কাজে সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে সচেতনতামূলক সভা/সেমিনার/ওয়ার্কশপ/সিম্পোজিয়াম করার গুরুত্ব আরোপ করেন। অত:পর বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

২.১ সিদ্ধান্তঃ

১. নিবন্ধিত সাধারণ স্বেচ্ছাসেবী সংগঠনের অনুকূলে অনুদান EFT পদ্ধতিতে প্রদান করতে হবে;
২. বিশেষ অনুদান G2P পদ্ধতিতে প্রদান করতে হবে।

২.২ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভায় সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শহিদুল ইসলাম
নির্বাহী সচিব (যুগ্মসচিব)
ফোনঃ-০২-২২২২২৮১২৫
e-mail:es@bnswc.gov.bd

স্মারক নং-৪১.০৩.০০০০.০৮০.৯২.১২২.(৫).২৩-৭২৭

তারিখঃ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ
২৬ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

১. অতিরিক্ত সচিব (বাজেট, কার্যক্রম ও মূল্যায়ন) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা (শুদ্ধাচার), সমাজকল্যাণ মন্ত্রণালয়।
২. অতিরিক্ত পরিচালক (উপসচিব), বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ঢাকা।
৩. সিনিয়র সহকারী সচিব (কর্মসম্পাদন শাখা) ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা (শুদ্ধাচার), সমাজকল্যাণ মন্ত্রণালয়।
৪. উপপরিচালক (প্রশাসন), বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ঢাকা।
৫. সহকারী পরিচালক (প্রশাসন), বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ঢাকা।
৬. হিসাবরক্ষণ কর্মকর্তা/প্রশাসনিক কর্মকর্তা/প্রশিক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ঢাকা।
৭. পিএ টু নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ঢাকা। (নির্বাহী সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮. অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ঢাকা।
৯. কম্পিউটার অপারেটর, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ঢাকা (পরিষদের ওয়েবসাইটে ও সেবাবক্সে প্রকাশের জন্য)
১০. অফিস কপি/ সংশ্লিষ্ট নথি।

ফারহানা আক্তার
উপপরিচালক (মূল্যায়ন)

ও
আহবায়ক
শুদ্ধাচার বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি

১৯-০২-২২২২০১৪০